# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২২৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “যদি আদম সন্তানের দুই উপত্যকা ভর্তি স্বর্ণ থাকে, তবুও সে তৃতীয় উপত্যকা ভর্তি স্বর্ণ কামনা করবে” এর ব্যাখ্যা

ذكر البيان بأن قوله: كَانَ لِابْنِ آدَمَ وَادِيَانِ مِنْ ذَهَبٍ لَابْتَغَى إليهما الثالث

আরবী

3226 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ يَزِيدَ بْنِ الْأَصَمِّ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى عُمَرَ يَسْأَلُهُ فَجَعَلَ يَنْظُرُ إِلَى رَأْسِهِ مَرَّةً وَإِلَى رِجْلَيْهِ أُخْرَى لِمَا يَرَى بِهِ مِنَ الْبُؤْسِ فَقَالَ لَهُ عُمَرُ: كَمْ مَالُكَ؟ قَالَ: أَرْبَعُونَ مِنَ الْإِبِلِ قَالَ: فَقَالَ ابْنُ عَبَّاسٍ فَقُلْتُ: صَدَقَ اللَّهُ وَرَسُولُهُ: (لَوْ كَانَ لِابْنِ آدَمَ وَادِيَانِ مِنْ ذَهَبٍ لَابْتَغَى إِلَيْهِمَا الثَّالِثَ وَلَا يَمْلَأُ جَوْفَ ابْنِ آدَمَ إِلَّا التُّرَابُ وَيَتُوبُ اللَّهُ عَلَى مَنْ تَابَ) قَالَ: فَقَالَ لِي عُمَرُ: مَا تَقُولُ؟ قَالَ: قُلْتُ: هَكَذَا أَقْرَأَنِيهَا أُبَيُّ بْنُ كَعْبٍ قَالَ: فقم بنا إليه قال: فأتاه: مَا يَقُولُ هَذَا؟ قَالَ أُبَيٌّ: هَكَذَا أَقْرَأَنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3226 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض النضير)) (332): ق , المرفوع فقط دون القصة مع عمر وأبي - ((الصحيحة)) (2909).

বাংলা

৩২২৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি প্রশ্ন করার জন্য উমার রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে আসেন। অতঃপর তিনি একবার তার মাথার দিকে আরেকবার তার দুই পায়ের দিকে তাকান। তার দুরবস্থা দেখে তিনি এমনটা করেন। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে বলেন, “তোমার কী পরিমাণ সম্পদ রয়েছে?” সে জবাবে বলে, “চল্লিশটি উট।”

আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “আমি বললাম। আল্লাহ ও তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সত্যই বলেছেন। তিনি বলেছেন, “যদি আদম সন্তানের দুই উপত্যকা ভর্তি স্বর্ণ থাকে, তবুও সে তৃতীয় উপত্যকা কামনা করবে। আদম সন্তানের পেট মাটি ছাড়া আর কিছুই পূর্ণ করতে পারে না। আর যে ব্যক্তি তাওবা করে, আল্লাহ তার তাওবা কবূল করেন।” রাবী বলেন, “অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তুমি কী বলছো?” জবাবে তিনি বলেন, “উবাই বিন কা‘ব আমাকে এভাবেই হাদীস শুনিয়েছেন।” তখন তিনি আমাকে বলেন, “উঠ, আমার সাথে তার কাছে চলো।” রাবী বলেন, “তারপর তারা তার কাছে যান। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “এ কী হাদীস বর্ণনা করছে?” জবাবে উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এভাবেই হাদীস বর্ণনা করেছেন। ”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১১৭; তাবারানী: ৫৪২; আত তায়ালিসী: ৫৩৯; মুসনাদ আহমাদ: ৫/১৩১; তিরমিযী: ৩৭৯৩; হাকিম: ২/২২৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৩৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92557

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন